

“ছেলে হোক, মেয়ে হোক
দুটি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়
রংপুর বিভাগ, রংপুর।



স্মারক নং- পপ/রং-বি/এপিএ মূল্যায়ন সভা/২০২২/

তারিখঃ.....খ্রিঃ

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২০২৩ এর প্রথম ও দ্বিতীয় ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন পর্যালোচনা ও মূল্যায়ন সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব দেওয়ান মোর্শেদ কামাল, পরিবার পরিকল্পনা, রংপুর বিভাগ, রংপুর।
তারিখ : ২৬/০১/২০২৩ খ্রিঃ
সময় : বিকাল ০৩.০০ ঘটিকা
স্থান : বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়ের সভাকক্ষ।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট ‘ক’ দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত এপিএ টিমের সদস্যগণকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে এপিএ টিমের ফোকাল পয়েন্ট জনাব সিহাব উদ্দিন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রংপুর সদর সভায় রংপুর বিভাগের জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় সমূহের ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির প্রথম ও দ্বিতীয় ত্রৈমাসিকের অগ্রগতির প্রতিবেদন এবং প্রমাণক উপস্থাপন করেন। ২০২২-২০২৩ অর্থবছরের এপিএ’র কর্মসম্পাদন সূচক সমূহে প্রদত্ত লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত অগ্রগতি এবং প্রমাণকসমূহ পর্যালোচনা করা হয়। কর্মসম্পাদন সূচকের মান অনুযায়ী প্রথম ও দ্বিতীয় ত্রৈমাসিকে নিম্নেবর্ণিত জেলা সমূহের পাশে উল্লিখিত নম্বর প্রাপ্ত হয়।

ক্রমিক নং	জেলার নাম	প্রাপ্ত নম্বর	মন্তব্য
১	রংপুর	১২.৭৫	
২	দিনাজপুর	১২.৮০	তৃতীয়
৩	পঞ্চগড়	১২.৫০	
৪	ঠাকুরগাঁও	৫.২৫	
৫	নীলফামারী	১৮.০০	দ্বিতীয়
৬	লালমনিরহাট	২১.১০	প্রথম
৭	কুড়িগ্রাম	১২.৭৫	
৮	গাইবান্ধা	১২.৩৫	

জেলা সমূহের অগ্রগতির ভিত্তিতে প্রাপ্ত নম্বর পর্যালোচনায় দেখা যায় কোন জেলাই ২০২২-২০২৩ অর্থ বছরের এপিএ’র দ্বিতীয় ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা অর্জন করেছে পারেনি। ফলে সভাপতি দুঃখ প্রকাশ করেন এবং তৃতীয় ত্রৈমাসিকে লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে কার্যক্রম জোরদার করার জন্য উপপরিচালকগণকে অনুরোধ জানান। তিনি সভায় জানান যে এপিএ তৈরির সময় কিছুটা ভুলত্রুটি হয়েছে ফলে লক্ষ্যমাত্রা এবং অগ্রগতি অর্জনের কিছুটা গরমিল পরিলক্ষিত হচ্ছে। তিনি আগামী অর্থবছরে এপিএ প্রস্তুতকালে নীতিমালা অনুসরণ পূর্বক লক্ষ্যমাত্রা নির্ধারণে সতর্কতা অবলম্বন করার জন্য অনুরোধ করেন।

সিদ্ধান্তঃ ২০২২-২০২৩ অর্থ বছরের এপিএ’র তৃতীয় ত্রৈমাসিকে লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের জন্য উপপরিচালকগণ কার্যক্রম জোরদার করবেন। ২০২৩-২০২৪ অর্থ বছরের এপিএ প্রস্তুতকালে সবগুলো সূচকে লক্ষ্যমাত্রা নির্ধারণে নীতিমালা অনুসরণ পূর্বক বাস্তব সম্মত লক্ষ্যমাত্রা নির্ধারণ করবেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষর)


(দেওয়ান মোর্শেদ কামাল)
পরিচালক, পরিবার পরিকল্পনা
রংপুর বিভাগ, রংপুর।

স্মারক নং- পপ/রং-বি/এপিএ মূল্যায়ন সভা/২০২২/২০/১৩২৭

তারিখঃ ২৩.০১.২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :-

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
- ২। পরিচালক(প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
- ৩। উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল)..... রংপুর বিভাগ।
- ৪। ডাঃ শেখ মোঃ সাইদুল ইসলাম, উপপরিচালক, পরিবার পরিকল্পনা, রংপুর।
- ৫। জনাব মোঃ সিহাব উদ্দিন শেখ, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর, রংপুর।
- ৬। অফিস কপি।


(দেওয়ান মোর্শেদ কাশাল)
পরিচালক, পরিবার পরিকল্পনা
রংপুর বিভাগ, রংপুর।